



ভারতে না গেলে ২০২৬ বিশ্বকাপ থেকে বাদ পড়বে বাংলাদেশ: আইসিসি



সংগৃহীত ছবি

আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬ ঘিরে বাংলাদেশের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে উঠেছে। ভারতে গিয়ে খেলতে অস্বীকৃতি জানালে বাংলাদেশকে বাদ দিয়ে অন্য দল নেওয়া হতে পারে বলে জানিয়েছে আইসিসি। খবর প্রকাশ করেছে ক্রিকইনফো।

প্রতিবেদনে বলা হয়, এ নিয়ে আইসিসি বোর্ডে ভোটাভুটি হয়েছে এবং বেশিরভাগ সদস্য বিকল্প দল অন্তর্ভুক্তির পক্ষে অবস্থান নিয়েছেন। তবে চূড়ান্ত সিদ্ধান্তের আগে বিসিবি কে আরও একদিন সময় দেওয়া হয়েছে। এই সময়ের মধ্যে ভারতে খেলার বিষয়ে নিজেদের অবস্থান স্পষ্ট করতে হবে।

আইসিসি চায়, বিসিবি যেন বাংলাদেশ সরকারের সঙ্গেও আলোচনা করে সিদ্ধান্ত জানায়। নির্ধারিত সময়ের মধ্যে ইতিবাচক সাড়া না মিললে বাংলাদেশকে বাদ দেওয়ার সিদ্ধান্ত কার্যকর হতে পারে।

বাংলাদেশকে সরিয়ে দিলে কোন দল সুযোগ পেতে পারে, তা নিয়েও আলোচনা চলছে। ক্রিকইনফোর মতে, সে ক্ষেত্রে গ্রুপ সিতে বাংলাদেশের জায়গায় স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করার সম্ভাবনা রয়েছে।